গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোয়াইনঘাট, সিলেট।
www.gowainghat.sylhet.gov.bd

**আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে গোয়াইনঘাট উপজেলায় অস্থায়ী পশুর হাট স্থাপনের নিমিত্ত প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়,সিলেট এর স্থানীয় সরকার শাখার ১৮ মে ২০২৬ খ্রি. তারিখের ৩৫৪ নং স্মারকের অনুমতির প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নিম্নবর্ণিত ছক ও শর্ত মোতাবেক সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানোর লক্ষ্যে প্রকাশ্য নিলাম প্রক্রিয়ায় যৌক্তিক ও গ্রহণযোগ্য দরে আগামী ২০ মে ২০২৬ তারিখ, বুধবার, বেলা ৩.০০ ঘটিকায় গোয়াইনঘাট উপজেলা কনফারেন্স কক্ষে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। উক্ত প্রকাশ্য নিলাম ডাকে আগ্রহীগণকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| সিডিউল ফরম/নিলামে অংশগ্রহণের আবেদন ফরম বিক্রয়ের তারিখ ও স্থান | সিডিউল ফরম/নিলামে অংশগ্রহণের আবেদন ফরম জমা প্রদানের তারিখ ও স্থান | প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান |
|---|---|---|
| ২০/০৫/২০২৬ খ্রি.<br>বুধবার (সকাল ১০টা হতে বিকাল ২ টা পর্যন্ত)<br>স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় গোয়াইনঘাট, সিলেট | ২০/০৫/২০২৬ খ্রি.<br>বুধবার: বেলা ০২.০০ টা পর্যন্ত<br>স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>গোয়াইনঘাট, সিলেট | ২০/০৫/২০২৬ খ্রি.<br>বুধবার: বেলা ৩.০০ টা<br>স্থান : উপজেলা সম্মেলন কক্ষ, গোয়াইনঘাট, সিলেট |

**শর্তাবলী**

১। অস্থায়ী পশুর হাট নির্ধারিত সীমানার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। হাটের কোন জায়গা অস্থায়ী পশুর হাট ব্যতীত অন্য কোন উদ্দেশ্য ব্যবহার করা যাবে না

২। সরকার অনুমোদিত হারে টোল আদায় করতে হবে। সরকারি হারের অতিরিক্ত টোল আদায় করা যাবে না

৩। পাকা রশিদ ব্যতীত টোল আদায় করা যাবে না। ভিড় এড়াতে মূল্য পরিশোধ ও হাসিল আদায় কাউন্টারের সংখ্যা বাড়াতে হবে

৪। ইজারাগ্রহীতাকে দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে

৫। শিক্ষা কার্যক্রমকে ব্যাহত করে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ বা আঙিনায় এবং ছাত্র-ছাত্রীদের যাতায়াতে বিঘ্ন করবে এরুপ কোনো স্থানে অস্থায়ী হাট বসানো যাবে না

৬। সড়ক বা মহাসড়কের উপর বা ইহার সংলগ্ন স্থানে যানবাহন ও জনসাধারণের স্বাভাবিক চলাচলে বিঘ্ন ঘটিয়ে অস্থায়ী হাট বসানে যাবে না

৭। পরিবেশ দূষণমুক্ত ও পরিচ্ছন্ন রাখতে হবে এবং কোনোভাবেই পরিবেশ নষ্ট করে জনদুর্ভোগ সৃষ্টি করা যাবে না

৮। পশুর হাটে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে

৯। হাটে প্রবেশ ও বের হওয়ার জন্য আলাদা পথ রাখতে হবে

১০। জীবাণুনাশকের ব্যবস্থা রাখতে হবে।

১১। আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি নিজস্ব স্বেচ্ছাসেবক দ্বারা শৃঙ্খলা রক্ষা করতে হবে।

১২। প্রস্তাবিত মাঠ/স্থানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে হাট বসানোর অনাপত্তি প্রস্তাবকারী প্রতিষ্ঠান কর্তৃক সংগ্রহ করতে হবে।

১৩। হাটে পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক এক বা একাধিক ভ্রাম্যমাণ স্বেচ্ছাসেবী মেডিকেল টিম গঠন করে সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৪। বর্ণিত স্থানে অস্থায়ী হাট ইজারা প্রদানের ক্ষেত্রে "সরকারি হাট-বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫" অনুসরণ করতে হবে।

১৫। হাটের একাধিক স্থানে পশুর চামড়া প্রক্রিয়াজাতকরণে ব্যবহৃত লবণ বিক্রয়ের ব্যবস্থা রাখতে হবে।

১৬। আগ্রহী নিলাম ডাকে অংশগ্রহনকারীকে নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে ৫০০ (পাঁচশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) সিডিউল ফরম/নিলামে অংশগ্রহণের আবেদন ফরম ক্রয় করে ফরম পূরণ করত: নির্ধারিত সময়ের পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।

১৭। নির্ধারিত তারিখ ও সময় ব্যতীত সিডিউল ফরম/নিলামে অংশগ্রহণের আবেদন সরবরাহ করা হবে না।

১৮। নিলাম ডাকে আগ্রহীগণকে নিলাম ডাক অনুষ্ঠানে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে নগদ ১০,০০০/-(দশ হাজার) টাকা ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা প্রদান করতে হবে।

১৯। অনুমোদিত/সর্বোচ্চ নিলাম ডাককারীকে উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর হিসেবে নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

২০। অনুমোদিত/সর্বোচ্চ নিলাম ডাককারী কোন কারণে বাজার নিতে অপারগ হলে কিংবা নির্ধারিত সময়ে অবশিষ্ট অর্থ ভ্যাট,

আয়কর জমা না দিলে তার নিলাম ডাক বাতিল এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্তক্রমে বিধিমোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। হাট বসানোর অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানো যাবে।

২২। নিজ উদ্যোগে পশুরহাট পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঈদের পর পরই ব্যবহৃত মালামাল অপসারণ করতে হবে এবং আইন-শৃঙ্খলা অবনতিজনিত কোন ঘটনা ঘটলে সংশ্লিষ্ট ব্যাক্তি দায়ী থাকবেন।

২৩। নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে।

২৪। আলাদতের নিষেধাজ্ঞা থাকলে কোন অবস্থাতেই হাট বসানো যাবে না।

২৫। নিজ উদ্যোগে অস্থায়ী জেনারেটর এর মাধ্যমে বিদ্যুৎ এর ব্যবস্থা করতে হবে।

২৬। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন এবং জাতীয়/আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।

২৭। হাটের প্রবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে এবং জীবাণুনাশকের ব্যবস্থা রাখতে হবে।

২৮। বিজ্ঞপ্তি প্রকাশের পর কোনো আদালত কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী ইজারা বিষয়ে কর্তৃপক্ষ যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯। প্রকাশিত ইজারা বিজ্ঞপ্তিতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা যে কোন দরপত্রের কার্যক্রম স্থগিত বা সকল দরপত্র বাতিল বা কার্যক্রম স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩১। নিলাম ডাকে অংশগ্রহণের সময় অস্থায়ী পশুর হাট বসানোর আবেদনকারী কর্তৃক আবেদিত মাঠ/স্থানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ মালিকের নিকট হতে অনাপত্তি গ্রহণ করতে হবে।

<u>নিলামযোগ্য অস্থায়ী পশুর হাটের সরকারি কাঙ্খিত নিলাম মূল্য</u>

| ক্রম | ইউনিয়নের নাম | বাজারের নাম | গত বছরের নিলাম মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | নন্দিরগাঁও | সালুটিকর বাজার | নতুন বাজার | ৫০০/- | |
| ২. | গোয়াইনঘাট সদর | গোয়াইন বাজার | নতুন বাজার | ৫০০/- | |

২৭/০৫/২০২৬

রতন কুমার অধিকারী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি
ফোন : ০২-৯৯৬৬৪৫৭৬৪
unogowainghat@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১০০.০০৯.৩৬.০০২.১৯-৯১৯ তারিখ : ১৯ মে ২০২৬

অনুলিপি : সদয় অবগতির জন্য
০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, সিলেট
০৩। জেলা প্রশাসক, সিলেট
০৪। উপ-পরিচালক (উপ সচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।
০৫। উপজেলা নির্বাহী অফিসার..........................................(সকল), সিলেট।
০৬। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার , সিলেট।
০৭। জেলা তথ্য অফিসার, সিলেট। (বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা করার অনুরোধসহ)
০৮। সহকারী কমিশনার (ভূমি), গোয়াইনঘাট, সিলেট।
০৯। উপজেলা............................................কর্মকর্তা (সকল), গোয়াইনঘাট, সিলেট।
১০। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)।
১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, গোয়াইনঘাট, সিলেট (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)।

১২। চেয়ারম্যান.................................ইউপি (সকল) গোয়াইনঘাট, সিলেট (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)।

১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.....................................ইউনিয়ন ভূমি অফিস, গোয়াইনঘাট, সিলেট (বিষয়টি মাইক সহযোগে বহুল প্রচারের অনুরোধসহ)

১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, গোয়াইনঘাট প্রেসক্লাব/গোয়াইনঘাট উপজেলা রিপোর্টার্স ক্লাব/গোয়াইনঘাট অনলাইন প্রেসক্লাব, গোয়াইনঘাট, সিলেট। (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)।

১৫। সভাপতি/সম্পাদক, ................................বাজার কমিটি (সকল), গোয়াইনঘাট, সিলেট (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)।

১৬। জনাব,................................... ইজারাদার (সকল), গোয়াইনঘাট, সিলেট (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)।

২০। অফিস কপি/নোটিশ বোর্ড।

২৯/০৫/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট